

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮৩
খোয়াই, ১২ জুন, ২০২৪

**জাতীয় গ্রামীণ জীবিকা মিশন
খোয়াই জেলাভিত্তিক কর্মশালা**

ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের খোয়াই জেলা মিশন ম্যানেজারের কার্যালয়ের উদ্যোগে আজ খোয়াই জেলাভিত্তিক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার বিষয় ছিল জাতীয় গ্রামীণ জীবিকা মিশন-স্বসহায়ক দলগুলির সাথে ব্যাঙ্ক লিঙ্কেজ। কর্মশালায় জেলার বিভিন্ন ব্যাঙ্কের প্রতিনিধি, ব্যাঙ্ক সখীগণ ও স্বসহায়ক দলের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। খোয়াই জেলা প্রশাসন কার্যালয়ের কনফারেন্স হলে অনুষ্ঠিত এই কর্মশালায় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী, জাতীয় গ্রামীণ জীবিকা মিশনের রিসোর্সপার্সন তিলক দাস, ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের পক্ষে দীপক চক্রবর্তী, জেলা কো-অর্ডিনেটর পীতম চক্রবর্তী প্রমুখ। কর্মশালায় অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের অধীনে স্বসহায়ক দলগুলিকে আত্মনির্ভর করে তোলার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি জানান, চলতি অর্থবছরে জেলায় ১,৫৮০টি স্বসহায়ক দলকে ব্যাঙ্ক থেকে ঋণ দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। কর্মশালায় জাতীয় গ্রামীণ জীবিকা মিশনের রিসোর্সপার্সন অর্থনৈতিক প্রক্রিয়ায় স্বসহায়ক দলগুলির অংশগ্রহণ ও তাদের ভূমিকা নিয়ে আলোচনা করেন।
